

বারি আলু উত্তোলন যন্ত্র

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট কর্তৃক উদ্ভাবিত আলু উত্তোলন যন্ত্রটি ছোট ও স্বল্প খরচের যা সহজে পাওয়ার টিলার এর সাথে সংযোগ করা যায়। এই যন্ত্রটি সর্বোচ্চ পরিমাণ আলু মাটির গভীর থেকে উন্মুক্ত হওয়া নিশ্চিত করে ও শ্রমিক সাশ্রয়ী (চিত্রঃ ১)।



চিত্র ১: বারি আলু উত্তোলন যন্ত্র

আলু উত্তোলন যন্ত্রের সুবিধাবলীঃ

- ১। যন্ত্রটি একবার অতিক্রমকালে একটি উচু সারির টেনে কর্তন করে সর্বোচ্চ পরিমাণ আলু মাটির গভীর থেকে উন্মুক্ত হওয়া নিশ্চিত করে।
- ২। কার্যক্ষমতা ০.১২ হেক্টর/ঘন্টা
- ৩। রিজ কাটিং এর গভীরতা নিয়ন্ত্রনযোগ্য।
- ৪। স্থানীয় প্রকৌশল কারখানায় এ যন্ত্র ও যন্ত্রাংশ তৈরি করা যায়।
- ৫। পরিচালনা ও রক্ষণাবেক্ষণ অনেক সহজ।
- ৬। পরিবেশবান্ধব।
- ৭। পরিচালনার জন্য দক্ষশ্রমিকের প্রয়োজনীয়তা নেই।
- ৮। প্রতিকূল আবহাওয়ায় ব্যবহার উপযোগী।

আলু উত্তোলন যন্ত্র ব্যবহার কৃষি-অর্থনৈতিক সুবিধাবলীঃ

- ১। ৯৬-৯৯% কন্দাল মাটির সমতলে উন্মুক্ত করে যা সহজে আলু সংগ্রহের সহায়ক।
- ২। সর্বোচ্চ আলু উত্তোলনের মৌসুমে সময় ও শ্রম বাঁচায়
- ৩। মোট উত্তোলন খরচের ৫০-৫৫% কমানো যায়।
- ৪। ৬০-৬৫% শ্রমিক নির্ভরতা কমায়।
- ৫। প্রচলিত পদ্ধতির তুলনায় কন্দালের বহিক ক্ষতি ৮০-৯০% কম হয়।
- ৬। নতুন কর্মসংস্থানের পরিবেশ তৈরি করে।

প্রচলিত পদ্ধতি ও যন্ত্র নির্ভর পদ্ধতিতে আলু উত্তোলনের তুলনামূলক পর্যালোচনাঃ

| ক্রমিক নং | বিভিন্ন প্যারামিটার | আলু উত্তোলন যন্ত্র |
|-----------|--|--------------------|
| ১ | মাটির সমতলে উন্মুক্ত কন্দালের পরিমাণ (%) | ৯৬-৯৯% |
| ২ | ক্ষতিগ্রস্থ কন্দালের পরিমাণ (%) | ১-১.২ |
| ৩ | সর্বোচ্চ উত্তোলনকৃত কন্দালের পরিমাণ (%) | ৯৯-১০০ |

| | | |
|---|---|----------|
| ৪ | প্রয়োজনীয় শ্রমিক (হেক্টর/ঘন্টা), হাতে আলু সংগ্রহের সময়সহ | ২১ |
| ৫ | কার্যক্ষমতা (হেক্টর/ঘন্টা) | ০.১২ |
| ৬ | উত্তোলন খরচ (টাকা/হেক্টর) | ৮৩৫৭ |
| ৭ | আলু উত্তোলন যন্ত্রের মূল্য | ৩৫০০০.০০ |